

১৮৯৯ সালের ২ আইন অনুসারে স্ট্যাম্প বিক্রয়ের লাইসেন্সপত্র।

সাক্ষিনের

এর পুত্র

প্রতি।

১৮৯৯ সালের ২ আইনের ৭৪ ধারার বিধানমতে গভর্ণমেন্ট কর্তৃক প্রচার অনসারে নিম্নলিখিত নিয়মাধীনে স্থানে সাধারণ স্ট্যাম্প সকল বিক্রয় করিবার জন্য আপনাকে এতদ্বারা ক্ষমতা দেওয়া যাইতেছে।

১। যে সকল আটাল স্ট্যাম্পের ও ভারতবর্ষীয় স্ট্যাম্প বিষয়ক ১৮৯৯ সালের আইন অনসারে ব্যবহৃত বুটিতোলা বা ছাপযুক্ত স্ট্যাম্প কাগজের প্রত্যেক খানির মূল্য ৫০ টাকার অনধিক আপনি এই লাইসেন্সপত্রের বলে কেবল তাহাই গভর্ণমেন্টের ট্রেজারি হইতে লইয়া বিক্রয় করিতে পারিবেন।

২। আপনি সাধারণের নিকট বিক্রয় করণার্থে ৩ পয়সা, ৬ পয়সা মূল্যের প্রচুর ইউনিকাইড স্ট্যাম্প সর্বদা কাছে রাখিবেন। তাহা না করিলে আপনার লাইসেন্স রদ করা যাইবে।

৩। আপনি যে সকল বুটিতোলা বা ছাপযুক্ত স্ট্যাম্প কাগজ বিক্রয় করিবেন তাহার প্রত্যেকের পৃষ্ঠে ত্রতিব নম্বর, বিক্রয়ের তারিখ, ক্রেতার নাম ও বাসস্থান এবং জেলার প্রচলিত ভাষায় স্ট্যাম্পের পুরা মূল্য অঙ্কে লিখিয়া তাহার নীচে স্বাক্ষর করিবেন। সময়ে সময়ে বিক্রয়ের রেজিষ্টারীর যে ফর্ম নির্দিষ্ট হইবে তদনুসারে রেজিষ্টার রাখিয়া তাহাতে উক্ত বৃত্তান্ত সকল লিখিবেন।

৪। আপনি পতাকাকারে পূর্বোক্ত রেজিষ্টারী রাখিবেন এবং প্রত্যেক বৎসরের জন্য নূতন পুস্তক রাখিবেন। প্রত্যেক পুস্তকের প্রথমে আপনি আপনার নাম, যে তারিখ হইতে ব্যবহার হয় তাহা ও প্রত্যেক পৃষ্ঠার নম্বর দিয়া বহু পৃষ্ঠা থাকে তাহা লিখিবেন। আপনি কালেক্টরের নিকটে অথবা মহকুমায় হইলে মহকুমার কর্মচারীর নিকটে ৩ মাস অন্তর পরীক্ষা ও দস্তখতের জন্য ও প্রত্যেক বৎসরের শেষে তাহার অফিসে রাখিবার জন্য, ঐ রেজিষ্টারী দাখিল করিবেন।

৫। আপনি যে স্ট্যাম্প বিক্রয় করিবেন তাহার পৃষ্ঠে কিম্বা আপনার রেজিষ্টারীতে জানিয়া শুনিয়া কোন মিথ্যা বিষয় লিখিবেন না।

৬। আপনার নিকটে যে স্ট্যাম্প বিক্রয়ের জন্য থাকে কোন ব্যক্তি তাহার কোন স্ট্যাম্প চাহিলে এবং তাহার মূল্য গভর্ণমেন্টের মুদ্রার কিনিটে দিলে আপনি তাহা দিবেন।

৭। উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক যে স্ট্যাম্পের ব্যবহার রহিত হইবার আদেশ হইয়াছে তাহা আপনি বিক্রয় করিতে পারিবেন না অথবা স্ট্যাম্পে যে মূল্য লিখিত থাকিবে তন্নিমিত্ত তাহার অতিরিক্ত মূল্য লইবেন না।

৮। আপনি যে স্থলে স্ট্যাম্প বিক্রয় করেন তাহার বাহিরে প্রকাশ্য স্থানে ইংরাজিতে ও জিলার প্রচলিত ভাষায় আপনার নাম ও “Licensed Vendor of Stamps” (লাইসেন্সপ্রাপ্ত স্ট্যাম্প বিক্রেতা) এই শব্দগুলি লেখা এক সাইন বোর্ড লাগাইয়া রাখিবেন। আরও আপনি যে সকল স্ট্যাম্প বিক্রয় করেন তৎসম্বন্ধীয় ব্যবস্থাপক সভার আইন ও ঐ আইনের তফসীলগুলি সাধারণ স্ট্যাম্প বিক্রয়ের ব্যবস্থা করণার্থ ভারতবর্ষীয় স্ট্যাম্প বিষয়ক আইনের ৭৪ ধারামতে প্রণীত বিধিগুলি সমেত ইংরাজি ও জিলার ভাষায় বিক্রয়ের স্থানে এমত করিয়া রাখিবেন যে ক্রেতাগণ অনায়াসে তাহা দেখিতে ও পড়িতে পারে।

৯। আপনি স্থানীয় গভর্ণমেন্ট কর্তৃক নিদিষ্ট হিসাব রাখিবেন ও দাখিল করিবেন এবং জিলার কালেক্টর অথবা ডেপুটি কমিশনারকে কিম্বা তাঁহাদের অথবা গভর্ণমেন্টের স্থানে যথারীতি ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন কর্মচারীকে যে কোন সময়ে উক্ত হিসাব ও ইতিপূর্বে উল্লিখিত রেজিষ্টারী দেখিতে ও আপনার দখলে যে সমস্ত স্ট্যাম্প থাকে তাহা পরীক্ষা করিতে দিবেন।

১০। কোন কারণ প্রদর্শন না করিয়া যে কোন সময়ে আপনার লাইসেন্স রহিত করা যাইতে পারিবে এবং এই সমস্ত শর্তের কোন শর্ত লঙ্ঘন হইলে আপনার ১৮৯৯ সালের ২ আইনের ৬৯ ধারার নিদিষ্ট দণ্ড হইতে পারিবে।

তারিখ

স্থান

কালেক্টর বা ডেপুটি কমিশনার।